# 82831 - কর্মস্থলে সরবরাহকৃত উপাদানসমূহের উদ্বৃত্তাংশ নিজে নিয়ে নেয়া কি জায়েয?

প্রশ্ন

জনৈক ব্যক্তি একটি আমেরিকান কোম্পানির এক ব্রাঞ্চে চাকুরী করেন। কোম্পানি তার কাজের জন্য একটি স্থান নির্দিষ্ট করে দিয়েছে এবং সেখানে তাকে কাজে সহযোগিতা করার জন্য অপর একজন লোক আছে। কোম্পানি এ স্থানের জন্য নির্দিষ্ট পরিমাণ চা, চিনি ও অন্যান্য গরম পানীয়ের পাউডার সরবরাহ করে। প্রতি মাসে এর থেকে কিছু অংশ থেকে যায়; যা ফেরত দেয়া যায় না। এই লোকের জন্য এই জিনিসগুলো নিজের বাসায় নিয়ে পরিবারের সাথে ব্যবহার করা কি জায়েয হবে?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

যদি কোম্পানির পক্ষ থেকে সরবরাহকৃত এই জিনিসগুলো কর্মচারীদেরকে মালিক বানিয়ে দেয়া হয়; তাহলে উদ্বৃত্তাংশ তারা বাসায় নিয়ে যেতে কোন আপত্তি নেই। বিশেষতঃ এই জিনিসগুলো যদি ফেরত দেয়া না যায়; তাহলে –এমতাবস্থায়- সেগুলো নিয়ে যাওয়াটাই সুনির্দিষ্ট; যাতে করে সম্পদ নষ্ট করার মধ্যে এটি না পড়ে।

আর যদি কোম্পানি এ জিনিসগুলো কেবল কর্মস্থলে ব্যবহারের জন্য দিয়ে থাকে এবং এর কোন অংশ কাউকে নিয়ে যাওয়ার অনুমতি না দেয়; তাহলে কর্মচারীদের জন্য এর কোন কিছু নিজের বাসায় নিয়ে যাওয়া জায়েয হবে না।

সেক্ষেত্রে কোম্পানির কর্তাদেরকে প্রকৃত বিষয়টি জানার জন্য জিজ্ঞেস করতে হবে।